

প্রকাশ : ২৬ আগস্ট, ২০১৭ ১০:৩০
আপডেট : ২৬ আগস্ট, ২০১৭ ১১:১২

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

মেয়র আনিসুল হক এখনো অচেতন

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

লন্ডনের হাসপাতালে চিকিত্সাধীন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক এখনো অচেতন অবস্থায় রয়েছেন। চিকিৎসকরা জানিয়েছেন, মস্তিষ্ককে বিশ্রামে রাখতে তাকে ঘুম পাড়িয়ে রাখা হয়েছে। শুক্রবার সন্ধ্যায় আনিসুল হকের স্বজনরা বিষয়টি নিশ্চিত করেছেন।

এদিকে দেশবাসীর কাছে আনিসুল হকের জন্য দোয়া চেয়ে স্ত্রী রুবানা হক জানিয়েছেন, প্রথম দফায় আনিসুল হককে যেসব ওষুধ দেওয়া হয়েছে, সেটি তাকে প্রভাবিত করেনি। আগামী সপ্তাহে চিকিত্সার বিষয়ে আরও হালনাগাদ তথ্য পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

উল্লেখ্য, গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে যুক্তরাজ্যে যান মেয়র আনিসুল হক। সেখানে অসুস্থ হয়ে পড়লে গত ১৩ আগস্ট তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

বিডি প্রতিদিন/২৬ আগস্ট ২০১৭/হিমেল